

📃 হা-মীম আস-সাজদা (ফুসসিলাত) | Fussilat | فُصلَت

আয়াতঃ ৪১: ৭

💵 আরবি মূল আয়াত:

الَّذِينَ لَا يُؤتُّونَ الزَّكُوةَ وَ هُم بِالأَخِرَةِ هُم كُفِرُونَ ﴿٧﴾

🗚 অনুবাদসমূহ:

যারা যাকাত দেয় না। আর তারাই আখিরাতের অস্বীকারকারী। — আল-বায়ান

যারা যাকাত দেয় না. আর তারা আখিরাত অমান্য করে। — তাইসিরুল

যারা যাকাত প্রদান করেনা এবং তারা আখিরাতেও অবিশ্বাসী। — মুজিবুর রহমান

Those who do not give zakah, and in the Hereafter they are disbelievers. — Sahih International

৭. যারা যাকাত প্রদান করে না এবং তারাই আখিরাতের সাথে কুফরিকারী।

তাফসীরে জাকারিয়া

(৭) যারা যাকাত প্রদান করে না[1] এবং ওরা পরকালে অবিশ্বাসী।

[1] এটা হল মক্কী সূরা। যাকাত হিজরী ২য় সনে মদীনায় ফর্য হয়। কাজেই এ থেকে হয় (সাধারণ) সাদাকা বুঝানো হয়েছে, যার নির্দেশ মক্কাতেই মুসলিমদেরকে দেওয়া হয়েছিল। যেমন, শুরুতে কেবল সকাল ও সন্ধ্যায় নামায পড়ার নির্দেশ ছিল। অতঃপর হিজরতের দেড় বছর পূর্বে পাঁচওয়াক্ত নামায পড়ার নির্দেশ দেওয়া হয়। অথবা যাকাতের ব্যাপক নির্দেশ মক্কায় ছিল। অতপর মদীনায় তার নিসাব ও পরিমাণ নির্ধারণ হয়। অথবা এখানে 'যাকাত' বলতে (আভিধানিক অর্থে পবিত্রতা) কালেমা শাহাদত বুঝানো হয়েছে, যার দ্বারা মানুষের অন্তর শিরকের পঙ্কিলতা থেকে পবিত্র হয়ে যায়। (ইবনে কাসীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4225

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন